

**বিষয়ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি  
অবহিতকরণ সভার কার্যবিবরণী**


|            |                              |
|------------|------------------------------|
| সভাপতি     | : পরিচালক (কারিগরী), ওয়ারপো |
| সভার তারিখ | : ১২/১২/২০২২ খ্রিস্টাব্দ     |
| সময়       | : সকাল ১২:০০ ঘটিকা           |
| স্থান      | : ওয়ারপোর সম্মেলন কক্ষ।     |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য আহবায়ক, সেবা প্রদান প্রতিশুতি-কে অনুরোধ জানান। শুরুতে জনাব ফাহমিদা আক্তার, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট), ওয়ারপো পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন নিশ্চিতকরণ একটি অগ্রাধিকার কাজ হিসেবে বিবেচিত এবং উক্ত আইন, বিধিমালা এবং বিধিমালায় উল্লেখিত জেলা/উপজেলা/ইউনিয়ন সমষ্টিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি, ওয়ারপো কর্তৃক প্রদত্ত প্রকল্প ছাড়পত্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র গ্রহণের অনলাইন সিস্টেমের উপর একটি উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহে বিস্তারিত আলোচনা হয় ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা  | সিদ্ধান্ত   | বাস্তবায়ন                                      |
|--------|---|---|---|
| ১.     | <p>জনাব মাহমুদুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, যৌথ নদী কমিশন বলেন, একজন সাধারণ কৃষক বা একজন ব্যবসায়ির পক্ষে অনলাইনের সকল বিষয় বুঝতে সমস্যা হবে এবং তাদের অধিকাংশ অক্ষাংশ বা দ্রাঘিমাংশ বা হর্স পাওয়ার বিষয়ে ধারনা নেই। সে ক্ষেত্রে জেলা/উপজেলা/ইউনিয়ন সমষ্টিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধির আওতায় সেগুলো তাদের নিকট পোছানো অত্যন্ত জরুরী।</p> <p>ড. মোঃ আমিনুল হক, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পানি সম্পদ) বলেন, ওয়ারপো প্রকল্পের ছাড়পত্র এবং অনাপত্তি পত্র প্রদানের কাজ অনলাইন সিস্টেমের মাধ্যমে শুরু করতে যাচ্ছে, এখানে বিভিন্ন মতামত আসবে এবং সেগুলো গুরুত্ব সহকারে বিবেচনা করে প্রয়োজনে সংযোজন বা বিয়োজন করা হবে।</p> | <p>১. প্রকল্প ছাড়পত্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র গ্রহণের অনলাইন সিস্টেমের উপর মতামত যাচাই-বাচাই পূর্বক সংযোজন-বিয়োজন করতে হবে।</p> <p>২. সংশ্লিষ্ট অংশীজনেরা যাতে অনলাইন সিস্টেমের সাথে অভ্যন্তর হতে পারে বিষয়ে সচেতনতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা বা প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।</p> | <p>১. পিএসও (সকল)<br/>২. সচিব, প্রশাসন শাখা</p> |
| ২.     | <p>জনাব অনীক হাসান, সহকারী পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বলেন, দেশে অধিকাংশ মানুষ এখনও ওয়ারপো এবং ওয়ারপো'র কার্যপরিধি সম্পর্কে অবগত নন। বিশেষ করে উপজেলা, ইউনিয়ন বা গ্রামের মানুষ ওয়ারপো-সম্পর্কে জানে না তাহলে তারা কিভাবে ছাড়পত্র বা অনাপত্তি গ্রহণ করবে বা কোথায় আবেদন করতে হবে সেই বিষয়গুলো ওয়ারপো কর্তৃক অবহিত করা প্রয়োজন।</p> <p>পরিচালক (কারিগরী), ওয়ারপো বলেন, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন এবং পানি সম্পদের সচেতনতার বিষয়ে জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য কর্মশালায় প্রকল্প ছাড়পত্র বা অনাপত্তিপত্র গ্রহনের জন্য অনুরোধ করা যেতে পারে।</p>                                    | <p>বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন এবং পানি সম্পদের সচেতনতার বিষয়ে জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য কর্মশালায় প্রকল্প ছাড়পত্র বা অনাপত্তিপত্র গ্রহনের জন্য অনুরোধ করা যেতে পারে।</p>  | <p>১. প্রশাসন শাখা<br/>২. সংশ্লিষ্ট PSO</p>     |

| ক্রমিক | আলোচনা   | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|--|-----------|------------|
|        | বিষয়ে ওয়ারপো ইতোমধ্যে ১ টি বিভাগীয় পর্যায়, ০৩ টি উপজেলা পর্যায় এবং ৫০ টি জেলা পর্যায়ে মোট ৫৪ টি কর্মশালা আয়োজন সম্পন্ন করেছে। এ সকল কর্মশালার মাধ্যমে ছাড়পত্র/অনাপত্তিপত্র এবং পানি সম্পদের সচেতনতার বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরা হচ্ছে। |           |            |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



13.12.2022

(মোহাম্মদ আলমগীর)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য)

ও

পরিচালক (কারিগরি) (রুটিন দায়িত্ব)

ও

আহবায়ক, সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস চার্টার)